বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
মানব সম্পদ শাখা-৩
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.parliament.gov.bd

নম্বর-১১.০০.০০০০.৮০৫.১১.০৩৫.১৯-৬৮

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
০৩ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়ের নিম্নবর্ণিত ২০তম গ্রেডের (প্রাক্তন ৪র্থ শ্রেণী) পদসমূহে সরাসরি নিয়োগের নিমিত্ত প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে http://bps.teletalk.com.bd ওয়েবসাইটে অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও বেতন (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|
| ১. | অফিস সহায়ক (গ্রেড-২০) টা: ৮,২৫০-২০,০১০/- | ৩৭(সাঁইত্রিশ)টি | কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন এস.এস.সি পাস। তবে এই তফসিল জারির পূর্বে জাতীয় সংসদ সচিবালয়ে কর্মরত দৈনিক ভিত্তিক সাংবাৎসরিক কর্মচারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণী পাস। | মুন্সীগঞ্জ, নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, শরিয়তপুর, জামালপুর, লক্ষীপুর, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, নাটোর, গাইবান্ধা, ঠাকুরগাঁও, খুলনা, ঝিনাইদহ, বাগেরহাট, বরিশাল, ঝালকাঠি, পিরোজপুর জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।<br><br>তবে এতিম, শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২. | অফিস সহায়ক কাম চাবিরক্ষক (গ্রেড-২০) টা: ৮,২৫০-২০,০১০/- | ৩(তিন)টি | কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন এস.এস.সি পাস। তবে এই তফসিল জারির পূর্বে জাতীয় সংসদ সচিবালয়ে কর্মরত দৈনিক ভিত্তিক সাংবাৎসরিক কর্মচারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণী পাস। | |
| ৩. | সহকারী ডেসপাস রাইডার (গ্রেড-২০) টা: ৮,২৫০-২০,০১০/- | ৬(ছয়)টি | কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন এস.এস.সি পাস। তবে এই তফসিল জারির পূর্বে জাতীয় সংসদ সচিবালয়ে কর্মরত দৈনিক ভিত্তিক সাংবাৎসরিক কর্মচারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণী পাস। মটর সাইকেল চালনায় বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। | |
| ৪. | কামরা পরিচারক/ পরিচারিকা (গ্রেড-২০) টা: ৮,২৫০-২০,০১০/- | ১২(বার)টি | কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন এস.এস.সি পাস। তবে এই তফসিল জারির পূর্বে জাতীয় সংসদ সচিবালয়ে কর্মরত দৈনিক ভিত্তিক সাংবাৎসরিক কর্মচারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা অষ্টম শ্রেণী পাস। | |
| ৫. | নিরাপত্তা প্রহরী (গ্রেড-২০) টা: ৮,২৫০-২০,০১০/- | ১৮(আঠার)টি | কোন অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন অষ্টম শ্রেণী পাস। শারীরিকভাবে উপযুক্ত হতে হবে। | |
| ৬. | পরিচ্ছন্নতা কর্মী (পূর্বনাম ঝাড়ুদার) (গ্রেড-২০) টা: ৮,২৫০-২০,০১০/- | ৯(নয়)টি | পেশাদার পরিচ্ছন্নতা কর্মী (ঝাড়ুদার) হতে হবে। | |

০২. নিম্নবর্ণিত শর্তাবলি আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে :

ক. নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

খ. সাধারণ প্রার্থীদের ক্ষেত্রে ০১-০৩-২০২১ খ্রিঃ তারিখে বয়স ১৮ হতে ৩০ বছর এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র কন্যা এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদেও পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩০ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

গ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

(অ.পৃ. দ্র.)

ঘ. কোন ব্যক্তিকে জাতীয় সংসদ সচিবালয়ের দৈনিক ভিত্তিক সাংবাৎসরিক কোন পদে নিয়োগ করা হয়ে থাকলে উল্লিখিত ব্যক্তির সাংবাৎসরিক ভিত্তিতে নিযুক্তকালীন কার্যকালের জন্য তার যোগ্যতা সাপেক্ষে সংসদ সচিবালয়ের কোন শূণ্য পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে তফসিলে বর্ণিত সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যেতে পারে। তবে সেক্ষেত্রে অনলাইন আবেদনপত্রের নির্ধারিত স্থানে সাংবাৎসরিক কর্মচারী হিসেবে নিয়োগের তারিখ ও স্মারক নম্বর উল্লেখ করতে হবে। অন্যথায় আবেদন গ্রহণযোগ্য হবে না।

ঙ. মাননীয় স্পিকার, ডেপুটি স্পিকার, চীফ হুইপ, সংসদ উপনেতা, বিরোধীদলীয় নেতা, বিরোধীদলীয় উপনেতা ও হুইপগণের কার্যালয়ে কর্মরত প্রিভিলেইজড কর্মকর্তা বা কর্মচারী উক্ত পদের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা ও বয়ঃসীমার মধ্যে নিয়োগপ্রাপ্ত হয়ে থাকলে তার নিযুক্তকালীন কার্যকালের জন্য অন্যান্য যোগ্যতা সাপেক্ষে সংসদ সচিবালয়ের কোন শূণ্য পদে সরাসরি নিয়োগের ক্ষেত্রে তফসিলে বর্ণিত সর্বোচ্চ বয়ঃসীমা শিথিল করা যেতে পারে। তবে সেক্ষেত্রে অনলাইন আবেদনপত্রের নির্ধারিত স্থানে প্রিভিলেইজড কর্মচারী হিসেবে নিয়োগের তারিখ ও স্মারক নম্বর উল্লেখ করতে হবে। অন্যথায় আবেদন গ্রহণযোগ্য হবে না।

চ. বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের জন্য যে শিক্ষাগত যোগ্যতা চাওয়া হয়েছে, কোন প্রার্থী আবেদনপত্র দাখিল করার পূর্বে চাহিত শিক্ষাগত যোগ্যতার অতিরিক্ত শিক্ষাগত যোগ্যতা অর্জন করে থাকলে তা দাখিলকৃত আবেদনপত্রে উল্লেখ করতে হবে, অন্যথায় নিয়োগ প্রাপ্তির পর অতিরিক্ত সনদপত্র গ্রহণযোগ্য হবে না।

ছ. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

জ. মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল শিক্ষাগত সনদ/অভিজ্ঞতার সনদ/কোটার সনদ বা প্রমাণপত্র, জাতীয় পরিচয়পত্র, লাইসেন্স এর মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ আবেদনে দাখিলকৃত সকল সনদ এবং প্রবেশপত্রসহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। সাংবাৎসরিক/প্রিভিলেইজ কর্মচারী হিসেবে নিয়োগ পেয়ে থাকলে প্রমাণক হিসেবে নিয়োগপত্র দাখিল করতে হবে।

ঝ. এক জেলার স্থায়ী বাসিন্দা অন্য জেলার বাসিন্দা হিসেবে আবেদন করতে পারবেন না।

ঞ. উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

ট. প্রার্থীর যোগ্যতা যাচাই; প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া নূন্যতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্য পাওয়া গেলে/ ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভূল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উর্ত্তীণ যে কোন প্রার্থীর প্রার্থীতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তিতে যে কোন সময়ে বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

ঠ. নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এমনকি বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০৩. <u>অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী/শর্তাবলী :</u>

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://bps.teletalk.com.bd ওয়েব সাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরুপ :

I. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১০-০৩-২০২১ খ্রিঃ সকাল ১০.০০ টা।

II. Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৯-০৪-২০২১খ্রিঃ বিকাল ৫.০০ টা।

III. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রন্থ ৩০০ pixel) এবং স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রন্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60 KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙ্গিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(অ.পৃ. দ্র.)

ঙ. সহকারী ডেসপাচ রাইডার পদে আবেদনকারীগণকে অনলাইনে আবেদন করার সময় মোটর সাইকেল চালনার লাইসেন্স এর তথ্যাদি উল্লেখ করতে হবে অন্যথায় সহকারী ডেসপাচ রাইডার পদে চূড়ান্তভাবে বিবেচনা করা হবে না।

চ. **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী রঙ্গিন প্রিন্ট অথবা ডাউনলোড করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই )টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ০৬ (ছয়) টাকা, মোট ৫৬/- (ছাপান্ন) টাকা পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, Online এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয় পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবেনা।

**প্রথম SMS:** **BPS**<space>**User ID** লিখে Send করতে হবে 16222 নম্বরে।।

Example: **BPS ABCDEF**

**Reply:** Applicants Name.TK.56/- will be charged as application fee your PIN is **12345678**

**দ্বিতীয় SMS:** **BPS**<space>**Yes**<space>**PIN** লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: **BPS YES 12345678**

**Reply:** Congratulation Applicants Name payment completed successfully for BPS Application for post xxxxxxxxxx user ID is (ABCDEF) and password(xxxxxxxxxxxx)

দ্বিতীয় SMS পাঠানো'র পর ফিরতি SMS এ password টি Admit card (প্রবেশপত্র) download এর জন্য প্রার্থী সংরক্ষণ করবেন।

ছ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bps.teletalk.com.bd অথবা বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয় এর ওয়েবসাইট www.parliament.gov.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায়, উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

জ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী ডাউনলোড পূর্বক রঙ্গিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক/ব্যবহারিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করেবেন।

ঝ. শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে **BPS**<space>**Help**<space>**User**<space>**User ID** & Send to 16222
Example: **BPS Help User ABCDEF** & send to 16222

(ii) PIN Number জানা থাকলে **BPS Help<space>PIN<space>PIN no** & send to 16222
Example: **BPS Help PIN 12345678** & send to 16222

ঞ. অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

ট. Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক মোবাইল নম্বর থেকে ১২১ এ কল করুন। এ ছাড়াও vas.query@teletalk.com.bd এবং recruitment@parliament.gov.bd এই ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: BPS, Post Name: ****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)। আবেদনকারীদেরকে শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে রেজিষ্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া হচ্ছে।

03/03/2024

( মোহাম্মদ খালেদুর রহমান )
সিনিয়র সহকারী সচিব (মাস-৩)
অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
ফোন: ৫৫০২৯০১৪।